গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

কৃষি পরিসংখ্যান বিভাগ

ব্রির ই-গভর্ন্যান্সও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত চতুর্থ সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোহাম্মদ খালেকুজ্জামান পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব)
সভার তারিখ	০৩-০৪-২০২২ খ্রি:
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	ভিআইপি, কনফারেন্স রুম, ব্রি।
উপস্থিতি	০৯ জন (সংযুক্তি- ০১)

বিগত ০৩-০৪-২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকা পরিচালক (গবেষণা) চলতি দায়িত্ব এবং আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি মহোদয়ের সভাপতিত্বে ব্রির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় ব্রির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটির সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানান এবং জনাব এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্টকে আলোচ্যসূচি অনুযায়ী অগ্রগতিসমূহ উপস্থাপন করার জন্য আহবান জানান। সভায় নিম্ন বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা/গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	"সহজ সেচ সেবা" **উদ্ভাবনী ধারণাটি** বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি, বরগুনা, পিরোজপুরে পাইলটিং আকারে চালু করা হয়েছে। গত ১৪/০৩/২০২২ তারিখে মাননীয় মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরে **উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত** সরকারি আদেশ জারি করা হয়েছে। "পাখি তাড়ানোর যন্ত্র" খুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) হিসেবে প্রস্তাব করা হয়েছিল, কিন্তু ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সর্বসম্মতিক্রমে তা হবে উদ্ভাবনী **ধারণা,** এ ধারণাটির হালনাগাদ তথ্য পরবর্তী সভায় মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে উপস্থাপন করতে হবে। অন্যান্য **উদ্ভাবনী ধারণা** বাস্তবায়ন চলমান আছে যা পরবর্তী বছরে সরকারি আদেশ জারি করা যেতে পারে। **উদ্ভাবনী ধারণা** বাস্তবায়ন সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত আছে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং সকল বিভাগীয় / আঃকাঃ/শাখা প্রধান
২	একটি নতুন সেবা সহজি করণ	ব্রিডার বীজ বিতরণে ক্ষুদেবার্তা প্রেরণ সহজিকৃত সেবাটি ইতোমধ্যে ব্রিতে পাইলটিং আকারে চালু করা হয়েছে। যা সিটিজেন চার্টার এর নাগরিক সেবার অন্তর্গত। গত ২৯/০১/২০২২ তারিখে মাননীয় মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরে **সেবা সহজিকরণ বাস্তবায়ন সংক্রান্ত** সরকারি আদেশ জারি করা হয়েছে। অন্যান্য সেবা সহজিকৃত বাস্তবায়ন চলমান আছে যা পরবর্তী বছরে সরকারি আদেশ জারি করা যেতে পারে। সেবা সহজিকরণ বাস্তবায়ন সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত আছে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং সকল বিভাগীয় / আঃকাঃ/শাখা প্রধান

৩	ন্যূনতম একটি সেবা ডিজিটাইজ করণ	সেবা ডিজিটাইজেশন এর আওতায় আধুনিক ধানের পরিচর্যা মোবাইল অ্যাপসটি ইতোমধ্যে গুগলপ্লে- স্টোরে হোস্টিং এবং সরকারি আদেশ জারিকরা হয়েছে।অন্য সেবাগুলোর ডিজিটাইজেশন কার্যক্রম চলমান থাকবে যা পরবর্তী বছরে সরকারি আদেশ জারি করা যেতে পারে। সেবা ডিজিটাইজেশন সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি এবং সকল বিভাগীয় / আঃকাঃ/শাখা প্রধান
৪	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা	(১) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ১১/০৮/২০২১ তারিখে পরিচালক (গবেষণা) এবং আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি মহোদয়ের সভাপতিত্বে Zoom Cloud Meeting প্লাটফর্মে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ড. মো: শাহজাহান কবীর, মহাপরিচালক (চলতি দায়িত্ব) । (২) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার মধ্যে দুই/একটির অগ্রগতি উপস্থাপন করার প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি
৫	ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	(১) ব্রি ই-ফাইলে প্রায় ১০০% নোট নিষ্পত্তি করছে। ই-ফাইল সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (২) বিবেচ্য বছরে হার্ড এবং সফ্ট মিলে ব্রির যতগুলি নোট নিষ্পত্তি হয়েছে তার মোট সংখ্যার মধ্যে যত সংখ্যক ই-ফাইলিং সিস্টেমের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে তার শতকরা অনুপাত অর্জন হিসাবে বিবেচিত হবে। (৩) ব্রির বিভাগ/শাখাভিত্তিক উপস্থাপিত ই-নথি এবং হার্ড নথির স্টেটমেন্ট, ফাইল মুভমেন্ট রেজিস্টার ইত্যাদি প্রমাণক হিসাবে প্রতি প্রান্তিকের শেষ কার্যদিবসে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটির নিকট পেশ করবেন। এটুআই হতে প্রাপ্ত সংশ্লিষ্ট প্রতিবেদনের সঙ্গে ক্রসচেক করতে হবে। গরমিলের ক্ষেত্রে এটুআই কর্তৃক প্রদত্ত রিপোর্ট চূড়ান্ত বলে গণ্য হবে।	প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
৬	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন ।	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ০২ (দুই) টি অবহিতকরণ সভা/কর্মশালা গত ২০/১১/২০২১ এবং ১৪/০২/২০২২ তারিখে পরিচালক (গবেষণা) এবং আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি মহোদয়ের সভাপতিত্বে Zoom Cloud Meeting প্লাটফর্মে অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ড. মো: শাহজাহান কবীর, মাননীয় মহাপরিচালক, ব্রি। মুল প্রবন্ধ উপস্থাপন করেন ডঃ আব্দুল মান্নান, অতিরিক্ত সচিব এবং নির্বাহী পরিচালক, বিসিসি। এ ধরনের কর্মশালা আরো আয়োজন করতে হবে এবং জনাব ডঃ আব্দুল মান্নান, অতিরিক্ত সচিব এবং প্রকল্প পরিচালক, এটুআই মহোদয়ের এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি
৭	তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ করণ।	(১) তথ্য বাতায়নের সেবা বক্স হালনাগাদ সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তথ্য বাতায়নের সেবা বক্স হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রতি প্রান্তিকে প্রেরণ করতে হবে।	আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ
৮	বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করণ	(১) ব্রির বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে নিয়মিত প্রকাশ/ হালনাগাদ সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রকাশনা ও তথ্যাদি হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রতি প্রান্তিকে প্রেরণ করতে হবে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি

৯	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন	(১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রতি প্রান্তিকে এক (১) টি করে মোট চার (০৪) টি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। (২) মে মাসের ২০ তারিখের মধ্যে একটি প্রশিক্ষণ আয়োজন করার সদ্ধান্ত গৃহীত হয়।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি
১০	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় করন	(১) ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থের কত শতাংশ (%) ব্যয় করা হয়েছে তা পরবর্তী সভায় প্রমাণকসহ পেশ করতে হবে। প্রতি প্রান্তিকের শেষ কার্যদিবসে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটির নিকট প্রতিবেদন পেশ করবেন।	উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
১১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রতি প্রান্তিকে এক (১) টি করে মোট চার (০৪) টি পর্যালোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি
১২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	(১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ০৩/০১/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি
১৩	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	(১) ই-গভর্ন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অন্য দপ্তরের বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন অথবা বিদেশী অভিজ্ঞতা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইতোমধ্যে একটি পরিদর্শন করা হয়েছে।	ব্রি কর্তৃপক্ষ এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি
১৪	বিবিধ		

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোহাম্মদ খালেকুজ্জামান
পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.৭৭.০০২.২১.১১০

তারিখ: ২৭ চৈত্র ১৪২৮

১০ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

২) উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), গবেষণা উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৩) চিফ সাইন্টিফিক অফিসার , উদ্ভিদ রোগতত্ত্ব , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৪) চিফ সাইন্টিফিক অফিসার , কৃষি পরিসংখ্যান , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৫) চিফ সাইন্টিফিক অফিসার , উদ্ভিদ প্রজনন , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৬) প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার , সেচ ও পানি ব্যবস্থাপনা , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৭) উপপরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৮) সিস্টেম এনালিস্ট , আইসিটি সেল , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

৯) প্রোগ্রামার , আইসিটি সেল , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১০) সহকারী প্রোগ্রামার , আইসিটি সেল , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১১) সাইন্টিফিক অফিসার, উদ্ভিদ প্রজনন , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১২) পিএ/স্টেনোগ্রাফার, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১৩) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গবেষণা উইং , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

১৫) সংশ্লিষ্ট নথি



এস এম মোস্তাফিজুর রহমান
সিস্টেম এনালিস্ট ও ফোকাল পয়েন্ট, ই-
গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি